

বিএন ওয়েবসাইটে প্রকাশের জন্য সচিত্র প্রতিবেদন - সেপ্টেম্বর ২০২২

১। ৭ম নেভাল কমান্ডো স্পেশালিষ্ট (এনসিএস) সীল এবং ৯ম নেভাল কমান্ডো এ্যাডভান্স (এনসিএ) এসবিসিসি কোর্সদ্বয়ের প্রশিক্ষণ কার্যক্রম। স্পেশাল ওয়ারফেয়ার স্কুলের অধীনে গত ০৮ মে ২০২২ হতে ২৯ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত ৭ম নেভাল কমান্ডো স্পেশালিষ্ট (এনসিএস) সীল কোর্স এবং ০৫ জুন ২০২২ হতে ২৭ অক্টোবর ২০২২ পর্যন্ত ৯ম নেভাল কমান্ডো এ্যাডভান্স (এনসিএ) এসবিসিসি কোর্স পরিচালিত হয়। এনসিএস (সীল) কোর্সে ১৩ জন এবং এনসিএ (এসবিসিসি) কোর্সে ১৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করতঃ সফলতার সাথে কোর্স সম্পন্ন করে। এনসিএস (সীল) কোর্সে এম নাজমুল ইসলাম, এলএস (এনসিটি-২) গড় ৮০.০৪% নম্বর এবং এনসিএ (এসবিসিসি) কোর্সে এম আব্দুল হান্নান, এবি (এনসিটি-২) গড় ৮৪.৮৬% নম্বর পেয়ে প্রথমস্থান অর্জন করে।



চিত্রঃ ১ ক। ৭ম নেভাল কমান্ডো স্পেশালিষ্ট (এনসিএস) সীল কোর্সের Final Training Exercise (FTX) প্রশিক্ষণ।



চিত্রঃ ১ খ। ৭ম নেভাল কমান্ডো স্পেশালিস্ট (এনসিএস) সীল কোর্সের Certificate Award Ceremony অনুষ্ঠান।



চিত্রঃ ১ গ। ৯ম নেভাল কমান্ডো এ্যাডভান্স (এনসিএ) এসবিসিসি কোর্সের Airborne Training (Rappelling & Fast Roping) প্রশিক্ষণ।

২। এ্যাডভান্স ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-২) কিউ কোর্স ২০২২, বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ কোর্স এ/২০২২ এবং বেসিক ডাইভিং স্কুবা কোর্স ২০২২ (এফএসসিডি) কোর্স সমূহের প্রশিক্ষণ কার্যক্রম। গত ১৫ মে ২০২২ হতে ২২ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত ডাইভিং এন্ড স্যালভেজ স্কুলে এ্যাডভান্স ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-২) কিউ কোর্স পরিচালিত হয়েছে ও গত ১৭ জুলাই ২০২২ হতে বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ কোর্স এ/ ২০২২ এবং গত ২৫ সেপ্টেম্বর ২০২২ হতে বেসিক ডাইভিং স্কুবা কোর্স ২০২২ (এফএসসিডি) কোর্সদ্বয় পরিচালিত হচ্ছে। প্রশিক্ষণকালীন সময় বিভিন্ন কর্মসূচী ও প্রশিক্ষণ কার্যক্রম অধিকাংশ প্রশিক্ষকবৃন্দ উপস্থিত থেকে সুষ্ঠু ও সুচারুভাবে পরিচালনা করেছেন।



চিত্রঃ ২ ক। এ্যাডভান্স ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-২) কিউ কোর্স ২০২২ এর বিআইডব্লিউটিএ এর জাহাজে তাত্ত্বিক প্রশিক্ষণ।



চিত্রঃ ২ খ। এ্যাডভান্স ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-২) কিউ কোর্স ২০২২ এর বিআইডব্লিউটিএ এর জাহাজে তাত্ত্বিক প্রশিক্ষণ।

৩। **DSCSC COURSE-2022 এর পরিদর্শন।** গত ০৬ সেপ্টেম্বর ২০২২ তারিখ ডিফেন্স সার্ভিসেস কমান্ড এন্ড স্টাফ কলেজ কোর্স-২০২২ এর ৯০ জনের একটি দল (১৬ জন ফ্যাকাল্টি মেম্বর, ৬৯ জন স্টুডেন্ট অফিসার এবং ৫ জন অন্যান্য) বানৌজা নির্ভীকে আগমন করেন। এ উপলক্ষ্যে সোয়াডস হলে অত্র কমান্ডের কার্যক্রমের উপর ব্রিফিং প্রদান করা হয়। এছাড়াও সোয়াডস এ ব্যবহৃত বিভিন্ন বিশেষায়িত অস্ত্র, সরঞ্জামাদি বোমা নিষ্ক্রিয়কারী যন্ত্রপাতি ইত্যাদি প্রদর্শিত হয়। পাশাপাশি নৌ কমান্ডোদের সক্ষমতা প্রদর্শনের লক্ষ্যে একটি কমান্ডো মহড়া প্রদর্শিত হয়।



চিত্রঃ ৩ ক। সোয়াডস কমান্ডের কার্যক্রম সম্পর্কে সোয়াডস হলে ব্রিফিং প্রদান।



চিত্রঃ ৩ খ। জিম্মি উদ্ধার মহড়া।

৪। **INDIAN NAVY TRAINING DELEGATION** এর পরিদর্শন। গত ০৭ সেপ্টেম্বর ২০২২ তারিখ Indian Navy Training Delegation Visit Team এর ০৫ জন সদস্য বানৌজা নিভীকে আগমন করেন। উক্ত দলটি কমডোর সোয়াড্‌স কমান্ড এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন। পরবর্তীতে সোয়াড্‌স কমান্ডের বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমের উপর কনফারেন্স রুমে ব্রিফিং প্রদান করা হয়। এছাড়া সোয়াড্‌স হলে সোয়াড্‌স কমান্ডের বিভিন্ন প্রশিক্ষণ কর্মকান্ড সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা প্রদান করা হয় এবং নৌ কমান্ডোদের বিভিন্ন প্রশিক্ষণ, মহড়া ও অপারেশনাল কর্মকাণ্ডে ব্যবহৃত সরঞ্জামাদি পদর্শিত হয়।



চিত্রঃ ৪ ক। সোয়াড্‌স কমান্ডের কার্যক্রম, প্রশিক্ষণ ও কর্মকান্ড সম্পর্কে কনফারেন্স রুমে ব্রিফিং প্রদান।



চিত্রঃ ৪ খ। কমডোর সোয়াড্‌স কমান্ড কর্তৃক উপহার প্রদান।

৫। জন প্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি দল এর পরিদর্শন। গত ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখ জন প্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি দলের ০২ জন অতিরিক্ত সচিব এবং ০১ জন উপসচিব সোয়াডস কমান্ডের অধীনস্থ বিভিন্ন সংস্থার কার্যক্রম পর্যালোচনার জন্য বানৌজা নির্ভীকে আগমন করেন। এ উপলক্ষে সোয়াডস এর সক্ষমতা প্রদর্শনের লক্ষ্যে একটি কমান্ডো মহড়ার আয়োজন করা হয়। এছাড়াও উক্ত দলটি সোয়াডস এ ব্যবহৃত অস্ত্র ও অন্যান্য সরঞ্জামাদি পরিদর্শন করেন।



চিত্রঃ ৫ ক। নৌ কমান্ডোদের ব্যবহৃত বিভিন্ন বিশেষ অস্ত্র ও সরঞ্জামাদি পরিদর্শন।